দৈনিক সংবাদ

তারিখ 05 NOV 1988
পৃষ্ঠা ... ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৬৯

198

## দাখিল পরীক্ষার নম্বরপত্র কবে পাব?

আমি ১৯৮৮ সনে সেশন ৮৬/৮৭ অনুষ্ঠিত দাখিল সমমান এস, এস, সি পরীক্ষায় চিকন্দি আই, ডি মাদ্রাসা থেকে অংশ গ্রহণ করেছিলাম। প্রায় তিন মাস হলো রেজাল্টও পেয়েছি অথচ এ পর্যন্ত আমি তথা শরীয়তপুর জেলার কোন মাদ্রাসার কোন ছাত্র-ছাত্রীই নম্বরপত্র পাইনি। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অত্র এলাকার নম্বরপত্র বিতরণের ব্যবস্থা গ্রহণ করেনি কিংবা ডাকেও পাঠায়নি। কিছুদিন আগে আমাদের মাদ্রাসা হতে জনৈক শিক্ষক বোর্ড থেকে নম্বরপত্র আনতে গেলে "স্বাক্ষর ইত্যাদি কম প্লিট হয় নাই" এই অজুহাতে তাকে ফিরিয়ে দেয়া হয় যার ফলে শত শত ছাত্র-ছাত্রী পাস করেও নম্বরপত্র না পাওয়ায় উচ্চ শিক্ষার জন্য তারা কলেজে বা সরকারী মাদ্রাসায় ভর্তি হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হতে চলেছে। ইতিমধ্যে সংখ্যাগরিষ্ঠ কলেজে ভর্তির মেয়াদ শেষ হয়ে গেছে। আর বাকী কিছু কলেজ আছে যেখানে কিছু দিনের মধ্যেই ভর্তি বন্ধ করে দেয়া হবে। যার কারণে ছাত্র-ছাত্রীরা যোগ্যতা থাকা সত্ত্বেও উচ্চ শিক্ষা লাভ থেকে বঞ্চিত হতে যাচ্ছে। এদিকে নম্বরপত্র আনার জন্য বার বার ঢাকা যাওয়া আর্থিক কারণে সম্ভব নয়।

অতএব আমাদের নম্বরপত্র যথাশীঘ্র ডাকে পাঠিয়ে দিয়ে আমাদের যেন উচ্চ শিক্ষার শেষ সুযোগটুকু দেয়া হয় এজন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আঃ আউয়াল
(রোল নং ৯৪৮২),
চিকন্দি আই,ডি মাদ্রাসা,
পোঃ চিকন্দি; জেলা-শরীয়তপুর।